14048

c 2

14048 c2

k

Ráma Mohana Ráya Rájah

# AN APOLOGY

18

FOR THE

## PURSUIT OF FINAL BEATITUDE,

INDEPENDENTLY OF

## BRAHMUNICAL OBSERVANCES.

---

BY

RAMMOHUN ROY.

---

CALCUTTA:

PRINTED AT THE BAPTIST MISSION PRESS, CIRCULAR ROAD.

1280.

# ওঁ তৎ সৎ

সাঙ্গবেদাধ্যয়নাভাবাদ্ব্রাত্যত্বং প্রতিপিপাদয়িষতা সুব্রহ্মণ্যেন শ্রীমতা সুব্রহ্মণ্য শাস্ত্রিণানেকাননধীতসাঙ্গবেদান্ গৌড়ান্ ব্রাহ্মণান্ প্রতি প্রেরিতায়াং তদ্বিষয়িকায়াং পত্রিকায়াং তদ্বিষয়াপ্রয়োজকানি "বেদবিহীনস্যাভ্যুদয় নিঃশ্রেয়সয়োর সিদ্ধিরেব এবমধীত বেদস্যৈব ব্রহ্মবিচারে প্যধিকারঃ প্রাগ্ব্রহ্মবিজ্ঞানান্নিয়মেন কর্ত্তব্যানি শ্রৌত স্মার্ত্তানি কর্ম্মাণি" ইত্যেতানি বাক্যান্যবলোক্য তৈর্বাক্যৈর্ব্রহ্মবিদ্যা স্বোৎপত্তয়ে ব্রহ্মযজ্ঞ দেবযজ্ঞাদীন্যাশ্রমকর্ম্মাণ্যবশ্যমপেক্ষতে ইতি তৎপ্রতিপিপাদয়িষিতং সমালোচ্য চ বয়ং ব্রূমঃ ব্রহ্মবিদ্যয়া স্বাভিব্যক্ত্যনুকূলত্বাৎ অধ্যয়নাদীনি বর্ণাশ্রমকর্ম্মাণ্যপেক্ষ্যন্তে ইতিত্তু বেদাদি শাস্ত্রাবিরোধিত্বাদস্মাভিরপি মন্যতে ন তু মন্যন্তে এতৎ যৎপ্রতিপিপাদয়িষিতং আশ্রমকর্ম্মাণি স্বোৎপত্তয়ে ব্রহ্মবিদ্যয়াঽবশ্য মপেক্ষ্যন্ত ইতি ভগবতা বাদরায়ণেন আশ্রমকর্ম্ম রহিতানামপি ব্রহ্মবিদ্যায়ামধিকারস্য সূত্রিতত্বাৎ তথাচ ভগবদ্বাদরায়ণ প্রণীতে সূত্রে "অন্তরাচাপি তু তদ্দৃষ্টেঃ" "অপিচস্মর্য্যতে" ইত্যেতে ॥ বিবৃতেচৈতে সূত্রে ভগবদ্ভাষ্যকার পূজ্য পাদৈঃ "বিধুরাদীনাং দ্রব্যাদি সম্পদ্রহিতানাঞ্চান্যতমাশ্রমপ্রতিপত্তি হীনানামন্তরাল বর্ত্তিনাং কিং বিদ্যায়ামধিকারোঽস্তি কিম্বা নাস্তীতি

সংশয়ে নাস্তীতি তাবৎপ্রাপ্তং আশ্রমকর্ম্মণাং বিদ্যাহেতুত্বা-বধারণাৎ আশ্রমকর্ম্মাসম্ভবাচ্চৈতেষাং ইত্যেবংপ্রাপ্তে ইদমাহ অন্তরা চাপিতু তদ্দৃষ্টেরিতি অন্তরা চাপিতু অনাশ্রমিত্বেন বর্ত্ত-মানোপি বিদ্যায়ামধিক্রিয়তে কুতঃ তদ্দৃষ্টেঃ রৈক্ক বাচক্নবী-প্রভৃতীনামেবম্ভূতানামপি ব্রহ্মবিত্ত্বশ্রুত্যুপলব্ধেঃ অপিচ স্মর্য্যতে ইতি। সম্বর্ত্তপ্রভৃতীনাঞ্চ নগ্নচর্য্যাদি যোগাদনপেক্ষিতাশ্রমকর্ম্ম-ণামপি মহাযোগিত্বং স্মর্য্যতে ইতিহাসে” ইতি।

কিঞ্চ বেদাধ্যয়নাধিকারাসম্ভবাদেবানধীতবেদানামপি ব্রহ্ম বাদি মৈত্রেয়ী প্রভৃতীনাং ব্রহ্মবিদ্যায়ামধিকারস্য “তয়োর্হ মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী বভূব” “আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রো-তব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য” ইত্যাদি শ্রুতিবোধিতত্বাৎ সুলভাদীনামপি স্ত্রীব্যক্তীনাং ব্রহ্মবাদিত্বস্য স্মৃতৌ ভাষ্যেচ প্রদ-র্শনাৎ শূদ্রযোনিপ্রভবত্বেনানধীত বেদানামপি বিদুর ধর্ম্মব্যাধ প্রভৃতীনাংজ্ঞানোৎপত্তেরিতিহাসে স্মর্য্যমাণত্বাচ্চ অধীতবেদ-স্যৈব ব্রহ্মবিচারেপ্যধিকার ইতি নিয়মোক্তি স্তত্তচ্ছ্রুতি স্মৃতি পর্য্যালোচনপরৈর্নৈব শ্রদ্ধেয়া।

অপিচ “শ্রবণাধ্যয়নার্থ প্রতিষেধাৎ স্মৃতেশ্চ” ইতি সূত্রং বি-বৃণ্বন্তোভাষ্যকার পাদাঃ শূদ্রাদীনাং ব্রহ্মবিদ্যাধিকারসংশয়ে “শ্রাবয়েচ্চতুরোবর্ণানিতি চেতিহাস পুরাণাগমে চাতুর্ব্বর্ণ্যাধিকার স্মরণাৎ” ইতিহাস পুরাণাগমানাং সামান্যতঃ সর্ব্বেভ্যো বর্ণে-ভ্যো ব্রহ্মবিদ্যা প্রদাতৃত্বমিতি সিদ্ধান্তয়াঞ্চক্রুঃ। তস্মাদ্ব্রহ্ম যজ্ঞাদ্যা শ্রমকর্ম্ম রহিতানামপি ব্রহ্ম বিদ্যায়ামধিকারস্য ভগবতা

বাদরায়ণেন সিদ্ধান্তিতত্বাৎ অনধীতবেদানামপি বিদ্যাধিকারস্য শ্রুতি স্মৃতি বোধিতত্বাৎ ভাষ্যকার পাদৈর্নির্ণীতত্বাচ্চ ব্রহ্ম বিদ্যয়া স্বোৎপত্তিনিমিত্তত্বাদধ্যয়নাদ্যাশ্রম কর্ম্মাণি নিয়মেনা-পেক্ষ্যন্তে ইত্যুক্তির্বৈয়াসিক তন্ত্র সিদ্ধান্ত তত্তন্ত্র ব্যাখ্যাতৃ ভগবৎ পূজ্যপাদ রাদ্ধান্ত শুদ্ধালুভির্নাদরণীয়া। এতেন অধীত কেবলেশ্বর গীতাশাস্ত্রঃ পরাং শান্তিং প্রাপ্তবানিতি ব্রুবন্নিতি-হাসশ্চরিতার্থী ভূতঃ। শিষ্ট পরিগৃহীত প্রসিদ্ধাগমোক্তাত্মতত্ত্ব শ্রবণ মননাদের্নিঃশ্রেয়সাবাপ্তি রৈকান্তিকীতি পরমারাধ্যস্য মহেশ্বরস্য দৃঢ়প্রতিজ্ঞাপি সফলাসীৎ॥ আত্মানাত্মনোঃ সত্যানৃতত্বে প্রদর্শয়ন্তোলোকানাত্মশ্রবণ মনন নিদিধ্যাসনেষু প্রবর্ত্তয়ন্তো বেদান্ত গ্রথিত শব্দা যথা নিঃশ্রেয়স হেতবোভবন্তি তথৈব তমেবার্থং প্রবদতাং স্মৃত্যাগম প্রভৃতীনাং তত্তচ্ছ্রোতৃভ্যো নিঃশ্রেয়স প্রদাতৃত্বং যুক্তমপীত্যলমতি জল্পনেন। ইতি॥

# ওঁ তৎ সৎ.

যে ব্রাহ্মণেরা সাঙ্গ বেদাধ্যয়ন না করেন, তাঁহারা ব্রাত্য, অর্থাৎ অব্রাহ্মণ হয়েন, ইহা প্রতিপন্ন করিবার ইচ্ছা করিয়া ব্রাহ্মণধর্ম্ম তৎপর শ্রীযুক্ত সুব্রহ্মণ্য শাস্ত্রী যে পত্র সাঙ্গ বেদ পাঠ হীন অনেক এতদ্দেশীয় ব্রাহ্মণেরদের নিকটে পাঠাইয়াছেন, তাহাতে দেখিলাম, যে তেঁহ লিখিয়াছেন, " বেদাধ্যয়ন হীন ব্যক্তিরদের স্বর্গ এবং মোক্ষ হইতে পারে না. আর যে ব্যক্তি বেদাধ্যয়ন করিয়াছে, তাহারি কেবল ব্রহ্ম বিদ্যাতে অধিকার, এবং ব্রহ্মজ্ঞান জন্মিবার পূর্ব্ব বেদোক্ত এবং স্মৃত্যুক্ত কর্ম্ম অবশ্য কর্ত্তব্য হয়." আর এ সকল বাক্য যাহা অব্রাহ্মণত্ব প্রতিপন্ন করিবাতে সম্পর্ক রাখে না. তাহার দ্বারা ইহা প্রতিপন্ন করিতে ইচ্ছা করিয়াছেন, যে ব্রহ্মযজ্ঞ দেবযজ্ঞ প্রভৃতি বর্ণাশ্রম কর্ম্মের অনুষ্ঠান ব্যতিরেকে ব্রহ্মজ্ঞান হইতে পারে না. ইহা উপলব্ধি করিয়া আমরা উত্তর দিতেছি, ব্রহ্মবিদ্যার প্রকাশের নিমিত্ত বর্ণাশ্রম কর্ম্মের অনুষ্ঠান কর্ত্তব্য বটে, যে হেতুক এ কথা বেদাদি শাস্ত্রের সহিত বিরুদ্ধ নহে, সুতরাং আমরাও ইহা স্বীকার করি; কিন্তু ইহা সর্ব্বথা অমান্য হয়, যে বর্ণাশ্রম কর্ম্মের অনুষ্ঠান ব্যতিরেকে ব্রহ্মজ্ঞানের উৎপত্তি হয় না, যে হেতুক ভগবান্ বেদব্যাস বর্ণাশ্রম কর্ম্মহীন ব্যক্তিরদের ও ব্রহ্মবিদ্যাতে অধিকার আছে, ইহা সূত্রে লিখিয়াছেন. সে এই দুই সূত্র.

অন্তরাচাপিতু তদ্দৃষ্টে.

অপিচ স্মর্য্যতে.

এবং এই দুই সুত্রের বিবরণ ভগবান্ ভাষ্যকার করিয়াছেন, "অগ্নি হীন ব্যক্তি সকল, এবং দ্রব্যাদি সম্পত্তি রহিত ব্যক্তি সকল, যাহারদের কোন বর্ণাশ্রম কর্ম্মের অনুষ্ঠান নাই, এমত রূপ অনাশ্রমি ব্যক্তিরদের বিদ্যাতে অধিকার আছে, কিম্বা নাই. এই সংশয়ে আপাততজ্ঞান এই হয়, যে আশ্রম কর্ম্ম হীন ব্যক্তিরদের বিদ্যাতে অধিকার নাই, যে হেতুক বিদ্যার প্রতি আশ্রম বিহিত কর্ম্ম কারণ হয়; আর ঐ সকল ব্যক্তিরদের আশ্রম কর্ম্মের সম্ভাবনা নাই, এই পূর্ব্বপক্ষে বেদব্যাস সিদ্ধান্ত করিয়াছেন. অনাশ্রমি ব্যক্তিরাও ব্রহ্মবিদ্যাতে অধিকারী হয়, যে হেতুক রৈক্ক, বাচক্নবী, প্রভৃতি আশ্রম কর্ম্মহীন ব্যক্তি সকলের ও ব্রহ্ম জ্ঞানের প্রাপ্তি হইয়াছে, ইহা বেদে দেখিতেছি; আর সর্ব্বদা বিবস্ত্র থাকিতেন, এ প্রযুক্ত বর্ণাশ্রম কর্ম্ম হীন যে সম্বর্ত্ত প্রভৃতি, তাঁহারদের ও মহা যোগিত্ব, ইতিহাসে দেখিতেছি." এবং ব্রহ্মবাদিনী, মৈত্রেয়ী, প্রভৃতি স্ত্রী সকল, যাঁহারদের বেদাধ্যয়নের অধিকার কদাপি সম্ভব নহে, তাঁহারদেরও ব্রহ্ম বিদ্যাতে অধিকার আছে. ইহা

তযোর্হ মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী বভূব.

এবং আত্মা বা অরে দ্রষ্টব্য.

ইত্যাদি শ্রুতিতে বুঝাইয়াছে; আর সুলভাদি স্ত্রী সকল ব্রহ্মজ্ঞানী ছিলেন, ইহা স্মৃতিতে এবং ভাষ্যেতে দেখিতেছি. এবং শূদ্র যোনিতে জন্মিয়াছিলেন, এ প্রযুক্ত বেদাধ্যয়ন হীন যে বিদুর ধর্ম্মব্যাধ, প্রভৃতি তাঁহারাও জ্ঞানী ছিলেন, ইহা ইতিহাসে দেখিতেছি. অতএব যাঁহারা বেদাধ্যয়ন করিয়াছেন,

কেবল তাঁহারদেরি ব্রহ্মবিচারে অধিকার, এই যে নিয়ম আপনি কহিয়াছেন, তাহাতে ঐ সকল শ্রুতি স্মৃতির আলোচনা করেন যে সকল ব্যক্তি, তাঁহারা কদাপি শ্রদ্ধা করিবেন না. আর শ্রবণাধ্যয়ন ইত্যাদি এই সূত্রের বিবরণেতে শূদ্রাদির ব্রহ্মবিদ্যার অধিকার আছে কি না, এই সংশয় দূর করিবার নিমিত্তে ভগবান্ ভাষ্যকার লিখেন, যে "ইতিহাস পুরাণ আগমেতে চারিবর্ণের অধিকার আছে, ইহা স্মৃতিতে লিখেন." অতএব ইতিহাস পুরাণ আগম সামান্যত চারি বর্ণেতে ব্রহ্মবিদ্যা প্রদান করিতে পারেন, ইহা ভগবান্ ভাষ্যকার সিদ্ধান্ত করিয়াছেন. অতএব ব্রহ্মযজ্ঞাদি বর্ণাশ্রম কর্ম্ম হীন ব্যক্তিরদের ব্রহ্ম বিদ্যাতে অধিকার আছে, ইহা ভগবান্ বেদব্যাসের সিদ্ধান্ত দ্বারা, আর বেদাধ্যয়ন হীন ব্যক্তিরদের বিদ্যাতে অধিকার আছে, ইহা শ্রুতি স্মৃতিতে প্রাপ্তি হইবার দ্বারা, এবং ভগবান্ ভাষ্যকারের ও এই প্রকার নির্ণয় করিবার দ্বারা, নিশ্চয় হইল. সুতরাং ব্রহ্মবিদ্যা আপন প্রকাশের নিমিত্ত বেদাধ্যয়নাদি আশ্রম কর্ম্মকে অবশ্যই অপেক্ষা করেন, এ কথাকে বেদব্যাসের সিদ্ধান্তে এবং তাঁহার শাস্ত্রের ব্যাখ্যাতৃ ভগবান্ পূজ্যপাদ ভাষ্যকারের সিদ্ধান্তে যাহারদের শ্রদ্ধা আছে, তাঁহারা কদাপি শ্রদ্ধা করিবেন না. অতএব ইতিহাসে লিখেন, যে কেবল ঈশ্বর গীতা শাস্ত্রের অধ্যয়ন করিয়া পরম পদ প্রাপ্ত হইয়াছেন, ইহাও সুসঙ্গত হইল. এবং শিষ্ট পরিগৃহীত যে সকল প্রসিদ্ধ আগম তাহাতে কথিত যে আত্ম তত্ত্বের শ্রবণ মননাদি তাহার অনুষ্ঠানের দ্বারা অবশ্যই পরম পদ প্রাপ্তি হয়, এই যে পরমারাধ্য মহেশ্বরের দৃঢ় প্রতিজ্ঞা ঐ শাস্ত্রে দৃষ্ট হইয়াছে, তাহাও সফল হইল. আত্মা সত্য আত্মা

ভিন্ন তাবৎ মিথ্যা, ইহা দেখাইয়া আত্মার শ্রবণ মনন নিদি-ধ্যাসনে বেদান্ত গ্রথিত শব্দ সকল যে রূপে লোককে প্রবৃত্ত করিয়া তাহারদের শ্রেয়ঃ প্রাপ্তির কারণ হয়েন, সেই রূপ ঐ সকল অর্থ কহেন, যে স্মৃতি আগম প্রভৃতি শাস্ত্র সকল তাঁহারা আপন শ্রোতারদের প্রতি মোক্ষ প্রাপ্তির যে কারণ হয়েন ইহা যুক্তি সিদ্ধ হয়. অধিক কথনে প্রয়োজন নাই. ইতি.

5 DE 63